দৈনিক বাংলা

তারিখ 29 AUG 1987
পৃষ্ঠা 5 কলাম 7

6

## পলিটেকনিক ইনষ্টিটিউট চাই

29 AUG 1987

জনমত

বাংলাদেশে কারিগরি শিক্ষায় শিক্ষিত জনশক্তির তীব্র অভাব সর্বজন স্বীকৃত। ১৬ বৎসর চলছে দেশ স্বাধীন হয়েছে। এই দীর্ঘ সময়ে মাত্র একটি নতুন মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন করা হয়েছে। দেশের শিল্প কারখানাগুলো কারিগরি শিক্ষায় শিক্ষিত জনশক্তির অভাবে প্রসার লাভ করতে পারছে না। এবং আকাঙ্ক্ষিত দক্ষতা অর্জনেও ব্যর্থ হচ্ছে। দেশের মাত্র ২১টি জেলায় পলিটেকনিক ইনস্টিটিউট কারিগরি শিক্ষায় শিক্ষিত জনশক্তি গড়ে তুলছে। এখনও অধিকাংশ জেলায় এই ধরনের ইনস্টিটিউট নেই। এই দিক থেকে বিক্রমপুর অঞ্চল বিশেষভাবে পিছিয়ে আছে।

বিক্রমপুর অঞ্চলে একটি পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আশু দৃষ্টি আকর্ষণ করছি।

মোঃ আশরাফ হোসেন
মধ্য বাসাবো ঢাকা।